হরিণাকুণ্ডুতে হিউম্যানিটেরিয়ান ইয়ুথ ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের ফুটবল বিতরণ

তরুণ প্রজন্মকে মাদকমুক্ত রাখতে এবং ক্ষতিকর মোবাইল আসক্তি থেকে দূরে সরিয়ে মাঠমুখী করার লক্ষ্যে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে এক ব্যতিক্রমী সচেতনতামূলক কর্মসূচি ও ফুটবল বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে স্বেচ্ছাসেবী সামাজিক সংগঠন হিউম্যানিটেরিয়ান ইয়ুথ ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের উদ্যোগে উপজেলার হিঙ্গারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ কর্মসূচির আয়োজন করে হিঙ্গারপাড়া যুব সমাজ। অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতা প্রদান করে হিউম্যানিটেরিয়ান ইয়ুথ ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এবং ইঞ্জিনিয়ার আবুল খায়ের মিয়া স্মৃতি স্পোর্টিং ক্লাব।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক, শিক্ষানুরাগী ও হিউম্যানিটেরিয়ান ইয়ুথ ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের সভাপতি মো. হামিদ পারভেজ মিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হিঙ্গারপাড়া ফুটবল টুর্নামেন্টের সভাপতি মো. বাবলুর রহমান। অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিশিষ্ট প্রবাসী ব্যবসায়ী ও সমাজসেবক মো. আবু বক্কর বিশ্বাস।

এছাড়া আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিঙ্গারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মো. আসাদুজ্জামান (লালটু), ৪ নম্বর দৌলতপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের সদস্য মো. আলমগীর হোসেন, সাবেক ছাত্রদল নেতা মো. আনিছুর রহমান, জামায়াতে ইসলামীর ওয়ার্ড সভাপতি মো. জিয়াউর রহমান, সাবেক মেম্বার মো. ফারুক হোসেন, বিএনপি নেতা মো. তমসেল আলী মণ্ডল, ছাত্রদল নেতা মো. একরামুল হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি মো. হামিদ পারভেজ মিয়া বলেন, “মাদক একটি জীবনকে ধ্বংস করে, আর অতিরিক্ত মোবাইল আসক্তি একটি পুরো প্রজন্মের মেধা ও ভবিষ্যৎকে অন্ধকারের দিকে ঠেলে দেয়। এই মরণনেশা ও ক্ষতিকর আসক্তি থেকে তরুণদের বাঁচাতে হলে তাদের আবার খেলার

মাঠে ফিরিয়ে আনতে হবে।”

এছাড়া অন্যান্য অতিথিরাও বলেন, “শিক্ষা ও খেলাধুলার সমন্বয়েই একটি আদর্শ প্রজন্ম গড়ে ওঠে। তাই তরুণদের মাদকমুক্ত রাখতে আমাদের সামাজিক সচেতনতা বাড়াতে হবে। তাদের খেলাধুলায় সম্পৃক্ততা বাড়াতে হবে।”
আলোচনা শেষে তরুণদের মাঝে প্রধান অতিথি ফুটবল বিতরণ করেন।

মেহেরপুরের শ্যামপুরে তরুণ খেলোয়াড়দের মাঝে ফুটবল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের নতুন মদনাডাঙ্গা এলাকায় খেলোয়াড়দের মাঝে ফুটবল বিতরণ করা হয়েছে।

সোমবার (৩ আগস্ট) বিকেলে শ্যামপুর ইউনিয়নের রাজনৈতিক সেক্রেটারি ও চেয়ারম্যান পদপ্রার্থী আজমাইন হোসেন এলাকার ফুটবলপ্রেমী তরুণ খেলোয়াড়দের হাতে ফুটবল তুলে দেন। এ সময় তিনি যুবসমাজকে মাদক ও অসামাজিক কার্যকলাপ থেকে দূরে রেখে খেলাধুলার প্রতি আগ্রহী হওয়ার আহ্বান জানান।

ফুটবল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ৫ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি জাহিদুল ইসলাম বাবলু, রাজনৈতিক সেক্রেটারি আফজাল হোসেন, ব্যবসায়ী আলিম ফরাজীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ফুটবলপ্রেমী খেলোয়াড়রা।

স্থানীয় খেলোয়াড়রা ফুটবল উপহার পেয়ে আনন্দ প্রকাশ করেন এবং এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখার দাবি জানান। অনুষ্ঠানে বক্তারা বলেন, খেলাধুলা তরুণদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং সামাজিক সম্প্রীতি বৃদ্ধি করে।

মেহেরপুরের বারাদী ইউনিয়নে দুই শতাধিক ফুটবল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের অর্থায়নে বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের ক্লাব ও যুব সমাজের মধ্যে ফুটবল ও ক্রিকেট সেট বিতরণ করা হয়েছে।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ক্লাব ও সংগঠণগুলোর সভাপতি ও সম্পাদকদের হাতে ফুটবল ও ক্রিকেট সেট তুলে দেন।
আজ সোমবার (১ মে) সকালের দিকে বারাদী ইউনিয়ন পরিষদ চত্তরে আনুষ্ঠানিকভাবে এই খেলার সামগ্রী বিতরণ করা হয়।
এই ইউনিয়নের প্রায় দুই শতাধিক ফুটবল ও ১২ সেট ক্রিকেট প্রদান করা হয়েছে।
এসময় বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের স্থানীয় নেতা আব্দুল মান্নান, প্রবীণ আওয়ামীলীগ নেতা কাজী সাহেবসহ ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ডের মেম্বরগণ উপস্থিত ছিলেন।